

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
এস ও সি বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৪১.৪১.০০৫.২৩ নথির বিষয়: Re-connection of Gas Chlorination at MODS Zone 4, 9 & 10 under SOC division.

নোট: ১ নোটের বিষয়: Re-connection of Gas Chlorination at MODS Zone 4, 9 & 10 under SOC division.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২৫/১০/২৩ ৪:২৫ অপরাহ্ন

এস ও সি বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ বিভাগ। এই বিভাগের মাধ্যমে ঢাকা ওয়াসার বিভিন্ন পানির পাম্প ক্লোরিনেশন সিস্টেম স্থাপন, মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করা হয়। পানির পাম্প হতে উৎপাদিত পানি শতভাগ ক্লোরিনেশন কার্যক্রমের আওতায় আনার লক্ষ্যে দিবা- রাত্রি ২৪ ঘন্টা এসওসি বিভাগ নিয়োজিত রয়েছে। ঢাকা ওয়াসার আওতাধীন প্রায় ১০৮১ টি পানির পাম্প রয়েছে। এই সকল পাম্পের মাধ্যমে পানি উৎপাদন করে নগরবাসীকে পানি সরবরাহ করা হয়। গভীর নলকূপ হতে গ্রাহকের ট্যাপ পর্যন্ত পানি সরবরাহ পথে যাতে ব্যাকটেরিয়া দ্বারা আক্রান্ত হতে না পারে সেজন্য উৎপাদিত পানি সরবরাহের পূর্বে ক্লোরিনেশন করে জীবানুমুক্ত করা হয়। ক্লোরিনেশন এর জন্য ক্লোরিন গ্যাস ও রিচিং পাউডার পানিতে ব্যবহার করা হয়। এসকল কেমিক্যাল ব্যবহার করার জন্য ক্লোরিন গ্যাস ডোজিং সিস্টেম এবং রিচিং পাউডার ডোজিং সিস্টেম স্থাপন করতে হয়। বর্তমানে ঢাকা ওয়াসার এসওসি বিভাগের আওতায় প্রায় ৩৬২ টি পাম্পে ক্লোরিন গ্যাস ডোজিং সিস্টেম রয়েছে। এসকল পানির পাম্প সমূহে বিদ্যমান ক্লোরিনেশন সেট গুলি পানি (পূঃ ও উঃ) বিভাগ-১ ও ২, এফ এম বিভাগ-১ ও ২ এবং বিভিন্ন Project কর্তৃক পানির পাম্প স্থাপন, প্রতিস্থাপন এবং বিভিন্ন Project এর কাজের সময় বিদ্যমান ক্লোরিনেশন সিস্টেম অপসারণ (Dismantling) করা হয়। নতুন পাম্প স্থাপন, পুরাতন পাম্প প্রতিস্থাপন ও পাম্প Regeneration কাজ শেষে উৎপাদিত পানি বিশুদ্ধ করে নগরবাসীর মধ্যে সরবরাহ করার লক্ষ্যে অতি দ্রুততার সহিত পুনরায় সচল করার জন্য ক্লোরিনেশন সিস্টেম Re-connection করা প্রয়োজন। সেই লক্ষ্যে মডস্ জোন ০৪, ০৯ এবং ১০ এর আওতাধীন এলাকায় বিদ্যমান ক্লোরিনেশন সিস্টেমের মধ্যে ১০ টি ক্লোরিনেশন সিস্টেমের Re-connection এর কাজ করার জন্য প্রচলিত বাজার দর ও পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হল। প্রাক্কলনে মোট টাকার পরিমাণ টাঃ- ৪,৯৮,৯০০.০৯১ (চার লক্ষ আটানব্বই হাজার নয়শত দশমিক শূণ্য নয় এক মাত্র) টাকা। উল্লেখ্য যে আলোচ্য কাজটি তত্ত্বাবধায়ক প্রকৌশলী এস এম ডব্লিউ সি সার্কেল মহোদয় কর্তৃক পরিদর্শনান্তে চূড়ান্ত করা হবে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৫/১০/২৩ ৪:২৬ অপরাহ্ন

আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২২-২৩ অর্থ বৎসরের সংশোধিত এবং ২০২৩-২০২৪ অর্থ বৎসরের প্রাক্কলিত বাজেটের পরিচালন ব্যয় “ক্লোরিন সিস্টেম রক্ষণাবেক্ষণ” কোড নং-০১-০৪-০২০ খাত হতে নির্বাহ করা হবে। কাজটি ২০২৩-২০২৪ অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনায় ক্রমিক নং-২৯ (W-13) এ অন্তর্ভুক্ত আছে।

সংযুক্তিসমূহ (৬):

- ১। ২০২৩-২০২৪ অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। বিভিন্ন ঠিকাদারের প্রতি প্রেরিত পত্র সমূহ।
- ৩। বিভিন্ন ঠিকাদারের হতে প্রাপ্ত কোটেশন সমূহ।
- ৪। পূর্বানুমোদিত দরের কপি।
- ৫। প্রাক্কলন।
- ৬। ২০২৩-২০২৪ অর্থ-বছরের প্রাক্কলিত বাজেট বরাদ্দের কপি।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৫/১০/২৩ ৪:৩৩ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে মডস্ জোন ০৪, ০৯ এবং ১০ এর আওতাধীন গভীর নলকূপ সমূহ হতে জীবানুমুক্ত পানি সরবরাহ করার লক্ষ্যে Re-connection of Gas Chlorination at MODS Zone 4, 9 & 10 under SOC division কাজটির জন্য উপস্থাপিত সর্বমোট টাঃ- ৪,৯৮,৯০০.০৯১ (চার লক্ষ আটানব্বই হাজার নয়শত দশমিক শূণ্য নয় এক মাত্র) টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ PPA-2006 এবং PPR-2008 এর ধারা ৬১(১) মোতাবেক উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM, e-GP) এর মাধ্যমে সম্পাদনের নিমিত্তে প্রধান প্রকৌশলী মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য সবিনয়ে উপস্থাপন করা হল।

২৫/১০/২৩ ৪:৩৪ অপরাহ্ন
মুহাম্মদ মাহবুব আলম আল- আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ

২৫/১০/২৩ ৫:৫৮ অপরাহ্ন
মোহাম্মদ আইয়ুব খান
সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ

২৫/১০/২৩ ৬:৪৭ অপরাহ্ন
মোঃ নওশাদ আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এস ও সি বিভাগ

৭/১১/২৩ ১:৩৯ অপরাহ্ন
মোঃ ইকবাল আহমেদ মজুমদার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি
দায়িত্ব)
এস এম ডব্লিউ সি সার্কেল

৭/১১/২৩ ১:৩৯ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১০/১১/২৩ ১১:৩৬ পূর্বাহ্ন
অনুমোদিত

১০/১১/২৩ ১১:৩৭ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

১০/১১/২৩ ১১:৩৭ পূর্বাহ্ন
মোঃ নওশাদ আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এস ও সি বিভাগ

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১৩/১১/২৩ ৩:২৬ অপরাহ্ন
Please take initiatives for tendering process.

১৩/১১/২৩ ৩:২৭ অপরাহ্ন
মোঃ নওশাদ আলম
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এস ও সি বিভাগ

১৩/১১/২৩ ৬:২৯ অপরাহ্ন
মোহাম্মদ আইয়ুব খান
সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ

১৩/১১/২৩ ৬:২৯ অপরাহ্ন
মুহাম্মদ মাহবুব আলম আল- আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
এস ও সি বিভাগ